

# ঢাবি দুই সপ্তাহ বন্ধের ঘোষণা, শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ



ফাইল ছবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ২২ নভেম্বর ২০২৫ | ২৩:২২ | আপডেট: ২২ নভেম্বর ২০২৫ | ২৩:৩০

(-) (অ) (+)

ভূমিকম্পের ঘটনায় উদ্ভূত পরিস্থিতিতে বুঁকিপূর্ণ হল সংস্কারে দুই সপ্তাহের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে।  
কারিগরি বিবেচনায় আগামীকাল রোববার বিকেল ৫টার মধ্যে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশনা দেওয়া হয়েছে।

আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিভিকেটের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। ভার্চুয়ালি অনুষ্ঠিত এ সভায় উপাচার্য  
অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভাপতিত্ব করেন। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো  
হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সভায় বুয়েটের বিশেষজ্ঞ, পরিকল্পনা ও উন্নয়ন অফিসের পরিচালক জাবেদ আলম এবং প্রধান প্রকৌশলী কাজী আক্রাম হোসেনের মতামত বিশ্লেষণ করা হয়। তারা জানান, ভূমিকম্প পরবর্তী আবাসিক হলসমূহের পুঁজোনুপুঁজ পরীক্ষা-নিরীক্ষা করে সামগ্রিক ঝুঁকি মূল্যায়ন ও প্রয়োজনীয় সংস্কার দরকার। এই ঝুঁকি নিরূপণ ও সন্তোষ সংস্কারের স্বার্থে আবাসিক হলগুলো খালি করা প্রয়োজন। তাদের মতামতের ভিত্তিতে সভায় আগামী ৬ ডিসেম্বর শনিবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষা বন্ধ রাখা এবং আবাসিক হলসমূহ খালি করার সিদ্ধান্ত নেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, রোববার বিকেল ৫টার মধ্যে আবাসিক হলসমূহ খালি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রাধ্যক্ষদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

সভায় চিকিৎসা অনুষদের ডিন, ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ, পরিকল্পনা ও উন্নয়ন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক, ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক এবং ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী সভায় অংশ নেন।